

PRINT

সমকাল

একাদশে ভর্তি প্রক্রিয়া শুরু

১০ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

একাদশ শ্রেণির অনলাইন ও এসএমএসে ভর্তির আবেদন গ্রহণ গতকাল রোববার থেকে শুরু হয়েছে। আবেদনের শেষ সময় ২৪ মে। পুনর্নিরীক্ষণের জন্য যারা আবেদন করেছেন, তাদেরকেও এ সময়ের মধ্যে আবেদন করতে হবে। তবে যাদের ফল পরিবর্তন হবে, তারা আগামী ৫ ও ৬ জুন ফের আবেদন করতে পারবেন। এবার প্রতিটি প্রতিষ্ঠানের মূল আসনে শতভাগ মেধার ভিত্তিতে ভর্তি করা হবে। তবে বিশেষ অগ্রাধিকারের (কোটা) আবেদনকারী থাকলে মোট আসনের অতিরিক্ত (মুক্তিযোদ্ধা-পাঁচ শতাংশ, বিভাগীয় ও জেলা সদর-তিন শতাংশ, শিক্ষা মন্ত্রণালয়ের অধস্তন দপ্তরসমূহ দুই শতাংশ, বিকেএসপি-শূন্য পাঁচ এবং প্রবাসী শূন্য পাঁচ শতাংশ) শিক্ষার্থী ভর্তি করা হবে।

একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে, তার মধ্য থেকে গত বছরের মতো শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি কলেজ নির্ধারণ করে দেওয়া হবে। তবে ভর্তিতে আগের মতো এবারও স্কুল, কলেজ ও সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অগ্রাধিকার পাবে। প্রথম পর্যায়ে

নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ করা হবে ১০ জুন। এর পর আরও একাধিক ধাপে ফল প্রকাশ, মাইগ্রেশনসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ শেষ করে ২৭ থেকে ৩০ জুন পর্যন্ত ভর্তি চলবে। ১ জুলাই থেকে ক্লাস শুরু হবে।

নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময় মেনেই এবার শিক্ষার্থীদের ভর্তি করতে হবে। আগের মতো শিক্ষা প্রতিষ্ঠানের ইচ্ছামতো নির্ধারিত সময়ের বাইরে দফায় দফায় ভর্তি করা যাবে না।

কেউ ভর্তি ফরম পূরণ করলে মেধা তালিকা অনুযায়ী নির্ধারিত কলেজে নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি হতে হবে। পরে অন্য কোনো কলেজে ভর্তির অপেক্ষায় কেউ যদি ভর্তি না হয়, তাহলে একবার ফরম পূরণ করে দ্বিতীয়বার ভর্তির সুযোগ পাবে না। তবে কোনো প্রতিষ্ঠানের আসন ফাঁকা থাকা সাপেক্ষে নতুন করে ভর্তি ফরম পূরণ করে ভর্তি হওয়া যাবে।

অনলাইনে সর্বনিম্ন পাঁচটি এবং সর্বোচ্চ ১০টি কলেজ বা মাদ্রাসায় আবেদন করা যাবে। এতে ফি দিতে হবে ১৫০ টাকা। মোবাইল ফোনে প্রতি এসএমএসে একটি করে কলেজে আবেদন করা যাবে। এর জন্য ১২০ টাকা দিতে হবে। তবে এসএমএস এবং অনলাইন মিলিয়ে কোনো শিক্ষার্থী ১০টির বেশি প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে না।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com